Standard Operating Procedure for the Schemes of BCW & TD Department

The Targeted Services are-

a) Caste Certificate Application- (*Fresh Applications*)

- The applicant can straightway move to the table of Caste Certificate application.
- The applicants can apply as per their requirement. SC/ST/OBC.
- Applications are done online- facilitated.
- Since SC,ST and OBC Caste Certificate applications of first generation, may need to be enquired into, the applications along with the supporting documents to be carried back to Block office.
- Alternatively those who will be having paternal linkage certificates there cases can be straightway recommended to concerned SDO for issuance of caste Certificate.
- However there should be provision of offline applications if the camp is held at an internet shadow area.

Caste Certificate Application- (*Pending Applications*)

- Alongside all the pending applications of caste certificate of the area can be brought into the camp for conducting field level enquiry in the camp itself and disposing those of.

b) Pension Scheme (Topsili Bandhu and Jai johar)

- The applications can be instantly accepted after enquiry and uploaded.
- Also the applications where there are discrepancies can also be brought in the Camps to dispose them off. The problem here lies mainly in the Account nos/ IFSC and exact address of Branch and Bank.
- Instant enquiry of the applications can also be made and fraudulent tendencies arrested.

c) Sikhashree scholarship- Class V-VIII-

Hard copies of form of applications may be filled in by the applicants and carried back to block office to be sent to school on that day or next day for uploading by the school.

***

❖ Since the schemes are mainly online for BCW and Tribal Development Department, there may not be any need of separate registration.

❖ At the end of the day all the applications can be taken together and counted to determine the footfall. The cases which are recommended to SDO(Caste Certificate), uploaded in the Jai Bangla portal (Pension Scheme) and all the applications sent to school for uploading in Sikhashree Portal are to be considered as disposed of cases. Similarly the cases which are rejected (with reason) can also be considered as disposed of.

***

❖ It is expected that the footfall for the schemes of BCW & TD Department will be in higher side and as there is a dearth of Departmental staff, Inspectors from BCW Department at Block-

level/ Municipality level should be supported by other Extension Officers and employees at GP/ Municipality level.

- While going in for publicity/advertisement/dissemination through mike etc. specific supporting documents which are needed for making the applications should be clearly mentioned.

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন দপ্তরের যে যে সুবিধাগুলি দেওয়া হবে সে সম্বন্ধে পদক্ষেপের সুনির্দিষ্ট রূপরেখা

(ক) জাতিগত শংসাপত্র প্রদান (নতুন আবেদন)

- আবেদনকারী, সোজাসুজি যে টেবিলে এই কাজ করা হচ্ছে সেখানে চলে যাবেন।
- সেই টেবিলে গিয়ে নিজের চাহিদা জানাবেন।
- চাহিদা অনুযায়ী তাঁর জন্য আন্তর্জাল / online–এ আবেদন করে দেওয়া হবে। ঐ টেবিলে যাঁরা আছেন তাঁরা মূলতঃ তথ্যগুলি জেনে আবেদন পত্র পূরণ করে দেবেন। এ ছাড়া ঐ আবেদন পূরণ হয়ে গেলে খতিয়ে দেখে, আবেদনকারিকে প্রাপ্তিস্বীকার ও পূরণ হওয়া আবেদন পত্রের প্রতিলিপি দেবেন।
- যদি আবেদনকারীর কাছে অন্য তথ্যাদি থাকে, এবং বাবার দিক থেকে কোনো শংসাপত্র থেকে থাকে যাতে করে ঐ আবেদনকারীকে নির্দিষ্ট ভাবে তপঃ জাতি বা আদিবাসী হিসেবে চিহ্নিত করা যায় তাহলে তাঁর আবেদনটি মহকুমা শাসক / কলকাতার ক্ষেত্রে DWO Kolkata-র কাছে শংসাপত্র দেওয়ার জন্য সুপারিশ করে পাঠানো যেতে পারে।
- অন্যান্য অনগ্রসর জাতিভুক্ত আবেদনকারীর ক্ষেত্রে Creamy layer–এ না থাকার নথিটা এক্ষেত্রে খতিয়ে দেখতে হবে। যদি সেই নথি ঠিক থাকে এবং অনগ্রসর জাতিভুক্ত বলে আবেদনকারীকে চিহ্নিত করা যায় তাহলেও তাঁর আবেদন পত্রটি সুপারিশ করে দিতে হবে।

- যদি Internet shadow জায়গায় শিবির হয় তাহলে আবেদন পত্র ছাপিয়ে নিতে হবে। আবেদনকারীকে দিয়ে ঐ আবেদন পূরণ করিয়ে অফিসে ফেরত এসে আন্তর্জাল মাধ্যমে upload করতে হবে।
- **জাতিগত শংসাপত্র প্রদান (পড়ে থাকা পুরানো আবেদন পত্র) –**

  এই শিবিরে পূরানো আবেদনপত্রগুলি নিয়ে গিয়ে স্থানীয় তদন্ত সাপেক্ষে আবেদনগুলির যথাবিহিত নিষ্পত্তি করা যেতে পারে।

(খ) পেনশন প্রকল্প (তপঃ বন্ধু জয় জোহার) –

- সংশ্লিষ্ট আবেদনকারী নির্দিষ্ট টেবিলে এসে আবেদন করার কথা জানাবেন।
- আবেদন পত্রটি টেবিলে যাঁরা রয়েছেন তাঁরা পূরণ করে দেবেন – আবেদনকারীর কাছ
  থেকে তথ্য নিয়ে ।
- বয়স ৬০ বছর বা তাঁর ওপরে হলে এবং তপঃ জাতি বা আদিবাসী সম্প্রদায় ভুক্ত বলে চিহ্নিত হলে, অন্যান্য কাগজপত্র সঠিক থাকলে তাঁর আবেদন পত্র যথাবিহিত ভাবে সুপারিশ করে upload করা যেতে পারে।
- এই ধরণের যে আবেদনগুলি পড়ে আছে সেগুলিও এই শিবিরে নিয়ে এসে সংশোধন এবং তদন্ত সেরে নেওয়া যেতে পারে। তারপরে গ্রহণযোগ্য মনে হলে সঙ্গে সঙ্গে সেটি সুপারিশ করে upload করার উদ্যোগ নেওয়া যেতে পারে। মূলতঃ ব্যাঙ্ক সংক্রান্ত তথ্যগুলি ভুল হওয়ার জন্যই আবেদন গুলি পড়ে থাকে – সেই ত্রুটি সংশোধন হতে পারে এ শিবিরে।
- স্থানীয় তদন্তের ক্ষেত্রে, এ শিবিরগুলি ব্যবহার করলে, ভুল বা বেঠিক আবেদন পত্রের তাড়াতাড়ি নিষ্পত্তি করা যেতে পারে।

(গ) শিক্ষাশ্রী স্কলারশিপ –

- নির্দিষ্ট ফর্মে শিক্ষাশ্রীর আবেদন করতে হয় । সেই ফর্ম ছাপিয়ে রেখে পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর তপঃ জাতি বা আদিবাসী পড়ুয়াদের দিয়ে ফর্ম পূরণ করিয়ে দেওয়া যেতে পারে।
- সেই ফর্মগুলি ব্লকে নিয়ে এসে সেইদিন বা তার পরের দিন সংশ্লিষ্ট স্কুলে পাঠানোর উদ্যোগ নিতে হবে। স্কুল এই আবেদনগুলি বিবেচনা করল কিনা তাঁর খবর রাখতে হবে। দেখতে হবে যাতে শিবিরে যারা আবেদন করেছিল তারা যেন স্কলারশিপটি অতি অবশ্য পায়।

....

ধরা যাক, যে জাতিগত শংসাপত্র, পেনশন প্রকল্পে অনেক বেশী আবেদনকারী থাকবেন তাহলে সংশ্লিষ্ট টেবিলে বেশী সংখ্যক কর্মী দেওয়া বাঞ্ছনীয়।

সম্প্রসারণ আধিকারিক, গ্রাম পঞ্চায়েতের কর্মচারীবৃন্দ, মিউনিসিপ্যালিটির কর্মচারীবৃন্দকে এই কাজে নিবিড় ভাবে যুক্ত করতে হবে।

যখন শিবিরের ব্যপারে প্রচার চালানো হবে তখন অতি অবশ্যই সুবিধাগুলি পাওয়ার জন্য / আবেদন করার জন্য যে জরুরী কাগজ লাগবে সেগুলিও প্রচার করতে হবে।

FAQ for Toposili Bandhu & Jai Johar

Questions	Answers
What is Toposili Bandhu?	This is a monthly pension scheme for all SC persons who are in the age-group of 60 and above and do not receive any other pension from any other authority.
What is Jai Johar?	This is a monthly pension scheme for all ST persons who are in the age-group of 60 and above and do not receive any other pension from any other authority.
Which department disburses Toposili Banddhu & Jai Johar Pension?	Backward Classes Welfare Department and Tribal Development Department disburses the pensions respectively..
Who are eligible for getting the Toposili Banddhu & Jai Johar Pension?	1.Persons who are in the age bracket of 60 and above belonging to SC or ST community of the state ; The age is to be considered on the date of application. 2. Persons who are not receiving any social security pension or any other pension from any other authority. 3. Need to have a bank account in his or her name.
What is the rate of Pension? What is the periodicity?	The monthly rate of pension for both the communities is Rs 1000/- :It is disbursed bi-monthly.
Where do I apply?	1. Application can be made to BDO in rural areas. 2. To SDOs in Municipalities and notified areas 3. Commissioner Kolkata Municipal Corporation in KMC areas. Application forms are available free of cost from the office of BDO/ SDO and Kolkata Municipal Commissioner. Applications can be physically made before the authorities or made online in www.jaibangla.wb.gov.in.
Is it given in cash?	No, the amount of pension is transferred to the individual bank account of the pensioners.
What are the required papers/documents?	1. Passport size Photograph 2. Formal Caste or Tribe Certificate. If it is not available then Caste/Tribe certificate of any paternal relative is acceptable to determine the standing of the applicant. However one has to procure caste certificate later and submit the same. 3. Digital Ration Card 4. EPIC 5. Self-attested Residential certificate/address proof. 6. Copy of bank pass book. 7. Some proof of age

তপশিলী বন্ধু / জয় জোহার পেনশন প্রকল্প সম্পর্কে জরুরী কথা

১) তপশিলী বন্ধু কি ?

এটি ৬০ বছর বা তাঁর ওপরের তপশিলী জাতির মানুষদের জন্য মাসিক পেনশন প্রকল্প। অন্য কোন জায়গা থেকে পেনশন পেলে, এই প্রকল্পে আবেদনকারী অংশ নিতে পারবেন না।

২) জয় জোহার কি ?

অন্য কোন জায়গা থেকে পেনশন পান না, এরকম ৬০ বছর বা তাঁর বেশী বয়স্ক আদিবাসী মানুষদের জন্য এটি একটি মাসিক পেনশন যোজনা।

৩) এই পেনশন কারা পেতে পারেন ?

(ক) ৬০ বছর বা তাঁর বেশী বয়সী তপশিলী জাতি বা আদিবাসী মানুষ ;

(খ) রাজ্যের স্থায়ী বাসিন্দা ; বয়স নির্ধারিত হবে আবেদনের দিন থেকে ;

(গ) যাঁরা অন্য কোন সামাজিক সুরক্ষামূলক প্রকল্পে পেনশন পাননা বা অন্য কোন জায়গা থেকে পেনশন পাননা।

(ঘ) আবেদনকারীর নিজস্ব ব্যাঙ্ক এ্যাকাউন্ট থাকতে হবে।

৪) পেনশনের পরিমাণ কত ? কখন পাওয়া যায় ?

মাসিক ১০০০ টাকা পেনশন।সাধারণভাবে দু'মাসের পেনশন একসঙ্গে দেওয়া হয়।

৫) কোথায় আবেদন করবো ?

(ক) গ্রামীণ এলাকায় বি.ডি.ও'র কাছে।

(খ) মিউনিসিপ্যালিটি এলাকায় মহকুমা শাসকের কাছে।

(গ) আবেদনকারী কলকাতায় বাস করলে কলকাতা মিউনিসিপ্যাল কমিশনারের কাছে।

আবেদনকারী **jaibangla.wb.gov.in** বা পূরণ করা ফর্ম সোজাসুজি আধিকারি- কের কাছে পাঠানো যাবে।

৬) পেনশন কি নগদে পাওয়া যাবে ?

না।পেনশনের অর্থ আবেদনকারীর ব্যাঙ্ক এ্যাকাউন্টে পাঠানো হবে।

৭) পেনশন পেতে গেলে কি কি কাগজ লাগবে ?

(ক) পাসপোর্ট মাপের ছবি।

(খ) জাতিগত শংসাপত্র। নয়া থাকলে বাবার দিকের আত্মীয়ের জাতিগত শংসাপত্র যাতে করে আবেদনকারী তপশিলী জাতি বা আদিবাসী সম্প্রদায়ভুক্ত, তা বোঝা যায়। পরবর্তীতে জাতিগত শংসাপত্র আবেদনকারীকে জমা দিতে হবে।

(গ) **Digital Ration Card**

(ঘ) **EPIC**

(ঙ) স্ব-প্রত্যয়িত ঠিকানার যেকোন প্রমাণ পত্র

(চ) ব্যাঙ্কের পাসবই

(ছ) বয়সের যে কোন প্রমাণপত্র অথবা প্রমাণ ।

FAQ for Sikhashree

Questions	Answers
What is Sikhashree?	This is a scholarship programme for SC and ST Day – Scholars reading in ClassV-VIII. Hostellers are beyond the ambit of the programme.
Which department disburses Sikhashree scholarship?	Backward Classes Welfare Department and Tribal Development Department disburses the scholarship.
Who are eligible for getting the Sikhashree scholarship?	1.Day Scholars who are permanent residents of the state and belongs to SC or ST community. 2. Should be reading in a Govt. school/ Govt. aided School or Govt. recognized school. 3. Annual family income below Rs 2.5 Lakhs. 4. Need to have individual bank account. 5. Has not received any other scholarship. 6. Has been promoted to the next class.
What is the rate of scholarship? What is the periodicity?	The rate of scholarship for all classes is Rs 800/- It is disbursed annually.
Where do I apply?	A student applies to his/her school in a specific form available with the school; it is also available in the departmental website or in the net; the school then processes the application.
Is it given in cash?	No, the amount of scholarship is transferred to the individual bank account of the student.
Who shall sign the income Certificate and Caste/tribe Certificate?	1. Formal Caste or Tribe Certificate is to be given by SDO in the districts and DWO Kolkata in KMC area. 2. In case the student does not have formal caste certificate, MP/MLA/Municipal Commissioner/Councilor of Municipality/ZP member/Sabhapati of Panchayat samity/ Prodhan of GP or any Gr-A officer can endorse the caste/tribe status in the specific portion of the application form. 3. Income Certificate can also be given by these authorities. In case of salaried employees the salary slip is required.
What other papers are required?	1. Passport size photograph of the student. 2. Copy of the bank pass book

শিক্ষাশ্রী সম্পর্কে জরুরী কথা

১) শিক্ষাশ্রী জিনিষটা কি ?

৫ম থেকে ৮ম শ্রেণীতে পাঠরত তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপ ।হোস্টেলের আবাসিকরা কিন্তু এই স্কলারশিপের বাইরে।

২) শিক্ষাশ্রী স্কলারশিপ কোন্ বিভাগ দিয়ে থাকে ?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ ও আদিবাসী উন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, এই স্কলারশিপ দিয়ে থাকে, এটি পুরোপুরি রাজ্য সরকারী স্কলারশিপ।অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ, তপশিলী জাতির ছাত্রছাত্রীদের ও আদিবাসী উন্নয়ন বিভাগ, আদিবাসী ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দিয়ে থাকে।

৩) শিক্ষাশ্রী স্কলারশিপ কারা পাবে ?

- পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর তপঃ জাতি ও আদিবাসী পড়ুয়ারা।
- পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা।
- সরকারি / পোষিত বা সরকারি স্বীকৃতি-প্রাপ্ত স্কুলের ছাত্র-ছাত্রীরা।
- বাৎসরিক পারিবারিক আয় ২.৫ লক্ষ টাকার নীচে ।
- নিজের ব্যাঙ্ক এ্যাকাউন্ট আছে।
- অন্য কোন স্কলারশিপ প্রাপক নয়।
- পরবর্তী ক্লাসে সঠিক ভাবে উত্তীর্ণ।
- হোস্টেলে থাকে না।

৪) কত টাকা স্কলারশিপ ? কখন পাওয়া যায় ?

ক্লাস নির্বিশেষে স্কলারশিপের পরিমাণ বাৎসরিক ৮০০ টাকা।

৫) কোথায় আবেদন করতে হবে ?

ছাত্র-ছাত্রী নির্দিষ্ট ফর্মে নিজের স্কুলে আবেদন করবে। ওয়েবসাইটে / নেটেও ফর্ম পাওয়া যায়।আবেদন পেলে বিদ্যালয় এই বিষয়টি নিয়ে কাজ শুরু করে।

৬) স্কলারশিপ কি নগদে পাওয়া যায় ?

না, এটি ছাত্রের ব্যাঙ্ক এ্যাকাউন্টে পাঠানো হয়।

৭) আয়-প্রমাণপত্র ও জাতিগত শংসাপত্র কোথায় পাবো ?

(ক) জাতিগত শংসাপত্র মহকুমা শাসক বা কলকাতার ক্ষেত্রে **DWO,** কলকাতার কাছ থেকে পাওয়া যাবে ।

(খ) যদি এই ধরণের জাতিগত শংসাপত্র না থাকে, তাহলে শিক্ষাশ্রীর আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায়, সাংসদ / বিধায়ক/ মিউনিসিপ্যাল কমিশনার / কাউন্সিলার / জেলা পরিষদ সদস্য / পঞ্চায়েত সমিতির সভাপতি বা গ্রাম পঞ্চায়েত প্রধান, এই শংসাপত্র দিতে পারেন। ‘ক’-শ্রেণীর সরকারী আধিকারিকও এই শংসাপত্র দিতে পারেন।

(গ) আয়-সংক্রান্ত প্রমাণপত্র ঐ একই ভাবে উপরে উল্লিখিত স্তরের পদাধিকারীরা দিতে পারেন ।

৮) এছাড়া আর অন্য কিছু লাগবে কি ?

(ক) পাসপোর্ট মাপের ছাত্র-ছাত্রীদের ছবি।

(খ) ব্যাঙ্কের পাসবই।

FAQ for Caste Certificate

Questions	Answers
What do I do with a Caste Certificate?	With the Caste Certificate one can basically claim the benefits of reservation in Education and Employment in Government Sector.
Who are eligible for getting a Caste Certificate?	1. Members of SC & ST Community and members of Other Backward Classes (OBC) can get the certificate, if they apply and they satisfy the eligibility criterion. 2. Following the extant guideline caste certificate is issued to SC/ST/ OBC applicants..
What are the documents required for the Caste Certificate application?	1.Passport size photograph. 2. Copy of Admit Card/School Leaving certificate/certificate of the HM of the school last attended for the spelling of the name. 3. EPIC/ AAdhar/ PAN or any such documents for address proof. 4. Caste certificate of relatives from paternal side for linkage. Supported by Authenticated Family Tree OR Any other document of reasonable nature to prove the applicants belonging to that particular Caste/Community/ Tribe. 5. Income certificate from employer/ IT Return of last 3 years/ equivalency certificate from employer to determine the non-creamy layer status in case of OBC. 6.. Any other govt. document to prove that the applicant is a resident of the state. These are the normal requirement.
If I do not have any document then what do I do?	In case any applicant does not have any document, he/she can still apply and the case is decided on the basis of local enquiry and hearing by the issuing authority.
Where do I apply?	Applications are to be made online in castcertificatewb.gov.in .
Who issues the Certificate?	SDO in the districts and DWO Kolkata in KMC area issues certificates.
How quickly I can get the Caste Certificate?	The statutory period of issuance is within 4 weeks excluding holidays. However efforts are on to issue the certificates where linkage is established within a fortnight. Applications which are preferred without any supporting documents disposal takes some more time.

জাতিগত শংসাপত্র সম্পর্কে কিছু জানার বিষয়

(১) প্রশ্নঃ জাতিগত শংসাপত্র নিয়ে কি করব?

উত্তরঃ সরকারি চাকুরী আর সরকারি/ পোষিত শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের সুযোগ নেওয়ার জন্য এই শংসাপত্র জরুরী।

(২) প্রশ্নঃ কারা এই শংসাপত্র পাবেন?

উত্তরঃ তপশিলী জাতি / আদিবাসী / অন্যান্য অনগ্রসর জাতির মানুষেরা।

তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেনীর জন্য জাতিগত শংসাপত্র দেওয়া হবে চালু নির্দেশ অনুযায়ী।

(৩) প্রশ্নঃ আবেদনের জন্য কি কাগজ লাগবে?

উত্তরঃ পাসপোর্ট মাপের ছবি।

অ্যাডমিড কার্ড অথবা স্কুলের শংসাপত্র সঠিক নামের বানানের জন্য।

ভোটার কার্ড / আধার বা প্যান কার্ড, ঠিকানার প্রমাণ হিসেবে।

বাবার দিক থেকে আত্মীয়ের জাতিগত শংসাপত্র এবং পারিবারিক বিবরণ।

অন্য কোন শংসাপত্র যা দিয়ে তিনি যে ঐ জাতি / সম্প্রদায়ের লোক তা প্রমাণ করা যায়।

IT Return আগের তিন বছরের / নিয়োগ পত্র / অফিস থেকে আয়ের বা বেতনের প্রমাণ পত্র বা সমতুল / তুলনা করা শংসাপত্র (Equivalency Certificate)- কেবলমাত্র অন্যান্য অনগ্রসর শ্রেনীর আবেদনকারীদের জন্য।

অন্য যেকোনো শংসাপত্র যাতে করে প্রমাণিত হয় তিনি এই রাজ্যের বাসিন্দা।

এই কাগজগুলি সাধারণভাবে দরকার।

(৪) প্রশ্নঃ যদি কোন কাগজপত্র না থাকে তাহলে কি আবেদন করা যাবে না?

উত্তরঃ কোন কাগজপত্র না থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে স্থানীয় তদন্ত ও শুনানীর ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি হবে।

(৫) প্রশ্নঃ কোথায় আবেদন করতে হবে?

উত্তরঃ castcertificatewb.gov.in

(৬) প্রশ্নঃ কে শংসাপত্র দেবেন?

উত্তরঃ জেলায় মহকুমা শাসকেরা আর কলকাতার ক্ষেত্রে DWO, Kolkata।

(৭) প্রশ্নঃ কতদিন লাগে শংসাপত্র পেতে?

উত্তরঃ আইন অনুযায়ী ৪ সপ্তাহের মধ্যে শংসাপত্র পাওয়ার কথা। ৪ সপ্তাহ নির্ধারিত হবে ছুটির দিন বাদ দিয়ে, তবে যদি বাবার দিকের আত্মীয়ের শংসাপত্র থাকে তাহলে ১৫ দিনের মধ্যে শংসাপত্র দেওয়ার চেষ্টা করা হয়। কাগজপত্র ছাড়া আবেদন করলে, আবেদনপত্রের নিষ্পত্তিতে কিছু সময় লাগে।